

সাবেক ভিসি আজাদ চৌধুরীকে লক্ষ্য করে গুলি

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আতঙ্ক

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীকে লক্ষ্য করে গুলি করার ঘটনায় ক্যাম্পাসে ভোলপাড় শুরু হয়েছে। এই ঘটনায় শিক্ষকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

এই গুলির ঘটনায় ছাত্র-শিক্ষক সবাই বিশ্ববিদ্যালয়ের আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতিতে চরম উদ্বেগ। বিশেষ করে আওয়ামী লীগ সমর্থিত মীল দলের শিক্ষকরা এই ঘটনার পর থেকে আতঙ্কের মধ্যে রয়েছেন। গত রোববার রাত ৮টার দিকে আজাদ চৌধুরী মীল দলের ৪ জন শিক্ষকের সঙ্গে আইন বিভাগের শিক্ষক পরিষ্কার রহমানের বিষয়টি নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পদক্ষেপের ব্যাপারে লোকচার থিয়েটারে আলোচনা শেষে নিঃশব্দে ২ জন সন্ত্রাসী তাকে লক্ষ্য করে ২ রাউন্ড গুলি ছোঁড়ে।

আজাদ চৌধুরী জানান, একজন সন্ত্রাসী তার দিকে দৌড়ে এসে তার গায়ে পিস্তল ঠেকায়। তিনি তার হাত ধরে ধসলে গুলি লক্ষ্যভ্রষ্ট হয়।

সন্ত্রাসীরা ২ রাউন্ড গুলি করে দ্রুত পালিয়ে যায়। গুলির শব্দ শুনে লোকজন এসে সন্ত্রাসীদের খুঁজে পায়নি।

আজাদ চৌধুরীকে হারান বা ভয় দেখানোর জন্য না ক্যাম্পাসে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করার জন্য এটা করা হয়েছে। এখানে উদযাটন করা সম্ভব হয়নি। তবে ধারণা করা হচ্ছে, আগামী দুই মাসে অনুষ্ঠিত সিনেটে রেজিস্টার্ড গ্রাডুয়েট প্রতিনিধি নির্বাচনে আজাদ চৌধুরী যাতে আওয়ামী সমর্থিত গণতান্ত্রিক ঐক্য পরিষদের সদস্যদের পক্ষে প্রচার কাজ না চালান এ জন্য তাঁকে ভয় দেখানোর জন্য কেউ

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আতঙ্ক

● প্রথম পাতার পর পরিকল্পিতভাবে এটা করিয়েছে।

আগেও মীল দলের শিক্ষক পরিষ্কার রহমানের বাসায় সন্ত্রাসীরা গুলি করেছিল।

ঘটনার পর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস এম ও ফারুজ আজাদ চৌধুরীর বাসভবনে গিয়ে ঘটনার সঙ্গে তারা জড়িত জাতিয়ে দেখা হবে বলে তাকে আশুত করেন। পুলিশের উচ্চপদস্থ কর্মকর্তারাও আজাদ চৌধুরীর বাসায় গিয়ে ঘটনার খোঁজ-খবর নেন। তারা ঘটনার সঙ্গে জড়িতদের খুঁজে বের করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে আজাদ চৌধুরীকে অবহিত করেন।

আজাদ চৌধুরীকে লক্ষ্য করে গুলি করার ঘটনায় বাংলাদেশ আওয়ামী লীগ, বঙ্গবন্ধু সৈনিক লীগ, ছাত্রলীগ, ফেডারেশন অফ এনজিও-স ইন বাংলাদেশ (এফএনবি) তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাংসদ আবদুল জলিল এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য, ও আওয়ামী লীগের উপদেষ্টামণ্ডলীর সদস্য অধ্যাপক একে আজাদ চৌধুরীকে লক্ষ্য করে গুলি বর্ষণের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। বিবৃতি তিনি বলেন, আজাদ চৌধুরীকে লক্ষ্য করে গুলি করার ঘটনা প্রমাণ করে এই সরকারের আমলে মানুষের জ্ঞানমালের কোনো নিরাপত্তা নেই।

অপর এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতাধিক শিক্ষক আজাদ চৌধুরীকে লক্ষ্য করে গুলি করার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। বিবৃতিতে শিক্ষকরা বলেন, অধ্যাপক আজাদ চৌধুরীর মতো ব্যক্তির ওপর এই ধূলা হামলা প্রমাণ করে যে দেশে আইনশৃঙ্খলার কতোখানি অবনতি ঘটেছে।

বিবৃতিতে শিক্ষকরা ঘটনার সঙ্গে জড়িতদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক পাকি দেওয়ার দাবি জানান।

বিবৃতিতে স্বাক্ষরকারী শিক্ষকদের মধ্যে রয়েছেন, অধ্যাপক আ. আ. ম. স আরুফিন সিদ্দিক, অধ্যাপক মোঃ শাহাদাত আলী, অধ্যাপক হুমায়ুন আজাদ, অধ্যাপক আবিন্দ্র রণীষ প্রমুখ।

১
২
৩
৪
৫
৬
৭
৮
৯
১০
১১
১২
১৩
১৪
১৫
১৬
১৭
১৮
১৯
২০
২১
২২
২৩
২৪
২৫
২৬
২৭
২৮
২৯
৩০
৩১
৩২
৩৩
৩৪
৩৫
৩৬
৩৭
৩৮
৩৯
৪০
৪১
৪২
৪৩
৪৪
৪৫
৪৬
৪৭
৪৮
৪৯
৫০
৫১
৫২
৫৩
৫৪
৫৫
৫৬
৫৭
৫৮
৫৯
৬০
৬১
৬২
৬৩
৬৪
৬৫
৬৬
৬৭
৬৮
৬৯
৭০
৭১
৭২
৭৩
৭৪
৭৫
৭৬
৭৭
৭৮
৭৯
৮০
৮১
৮২
৮৩
৮৪
৮৫
৮৬
৮৭
৮৮
৮৯
৯০
৯১
৯২
৯৩
৯৪
৯৫
৯৬
৯৭
৯৮
৯৯
১০০